অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল জলের পরিকাঠামোর প্রকল্পগুলি অর্থায়নের 725 মিলিয়ন ডলার প্রদান করার কথা ঘোষণা করেছেন

প্রকল্পগুলি সীসার পানীয় জলের পাইপগুলি প্রতিস্থাপন করবে এবং বর্জ্য জলের শোধনাগার সুবিধাগুলিকে উন্নত করবে

গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন বোর্ড অফ ডিরেক্টরস (New York State Environmental Facilities Corporation Board of Directors) 13টি পৌরসভা এবং সরকারী কর্তৃপক্ষকে জলের গুণমান রক্ষা বা উন্নত করার জন্য গুরুত্বপূর্ণ পরিকাঠামোর প্রকল্পগুলিকে এগিয়ে নিতে সাহায্য করার উদ্দেশ্যে 725 মিলিয়ন ডলারেরও বেশি আর্থিক সহায়তা অনুমোদন করেছে। এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন (Environmental Facilities Corporation, EFC) বোর্ড অফ ডিরেক্টরস দ্বারা অনুমোদিত স্বল্পমেয়াদী অর্থায়ন এবং পূর্বে ঘোষিত অনুদানগুলি স্থানীয় সরকারগুলিকে গুরুত্বপূর্ণ প্রকল্পগুলির জন্য কাজ শুরু করতে সাহায্য করার জন্য মূলধন সরবরাহ করবে। বোর্ড বেশ কয়েকটি দীর্ঘমেয়াদী অর্থায়নের রূপান্তর অনুমোদন করেছে যা বিদ্যমান প্রকল্পগুলির জন্য সুদের ত্রাণ প্রদান করে এবং পৌরসভাগুলির জন্য ঋণ হ্রাস করে।

ঘোষিত প্রকল্পের অর্থায়নের মধ্যে, 650 মিলিয়ন ডলারেরও বেশি আর্থিক সহায়তা নিউ ইয়র্ক সিটি মিউনিসিপ্যাল ওয়াটার ফাইন্যান্স অথরিটিকে (New York City Municipal Water Finance Authority) শহরের বেশ কয়েকটি জল দূষণ নিয়ন্ত্রণের কেন্দ্রে উন্নতি করতে সাহায্য করবে। প্রায় 6 মিলিয়ন ডলারের অনুদান এবং অর্থায়ন চেমুং কাউন্টির এলমিরা শহরকে সীসার পানীয় জলের পাইপ প্রতিস্থাপন করতে সাহায্য করবে এবং 2.75 মিলিয়ন ডলারের অনুদান এবং অর্থায়ন প্যাকেজ স্কোহারি কাউন্টিতে কোবলস্কিলের বর্জ্য জলের শোধনাগারের গ্রামের উন্নতিতে সাহায্য করবে।

"নিউ ইয়র্কের প্রতিটি সম্প্রদায়ের বিশুদ্ধ জলের অ্যাক্সেসের প্রাপ্য, যে কারণে পরিষ্কার জলের পরিকাঠামোতে বিনিয়োগ করা একটি শীর্ষ অগ্রাধিকার," **গভর্নর হোকল বলেছেন।** "ফেডারেল দ্বিপক্ষীয় পরিকাঠামো আইন থেকে অর্থায়ন বৃদ্ধি এবং আমার নির্বাহী বাজেটে পরিষ্কার জলের উদ্যোগে ঐতিহাসিক বিনিয়োগের সাথে, আমরা জনস্বাস্থ্য এবং পরিবেশ রক্ষা করতে এবং একটি শক্তিশালী অর্থনীতি নিশ্চিত করতে নিউ ইয়র্কের জলের পরিকাঠামোকে আধুনিকীকরণ করতে স্থানীয় সরকারগুলির সাথে এক সাথে কাজ করব।"

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশনের (Environmental Facilities Corporation (EFC) প্রেসিডেন্ট এবং সিইও মরিন এ কোলম্যান বলেছেন,"নিউ ইয়র্কের জলের গুণমানের লক্ষ্য পূরণের জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে আবারও জলের পরিকাঠামো প্রকল্পগুলিতে আরেকটি উল্লেখযোগ্য বিনিয়োগের সাহায্য তুলে ধরা হয়েছে৷ EFC রাজ্য ঘূর্ণায়মান তহবিল এবং রাজ্য জল অনুদানের মাধ্যমে স্থানীয় সরকারগুলির জন্য সাশ্রয়ী সমাধান প্রদান করতে পেরে আনন্দিত।"

পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) কমিশনার ও EFC বোর্ডের চেয়ারম্যান বাসিল সেগোস বলেন, "গভর্নর হোকল দায়িত্ব নেওয়ার পর থেকে, তিনি নিউ ইয়র্কের জলের গুণমান রক্ষা করাকে তার শীর্ষ অগ্রাধিকারগুলির মধ্যে একটি করে তুলেছেন৷ এক ডজনেরও বেশি পৌরসভা এবং সরকারী কর্তৃপক্ষের সাথে কাজ করা রাজ্যের চলমান প্রচেষ্টার জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক যা সম্প্রদায়গুলিকে বিশুদ্ধ পানীয় জলের অ্যাক্সেস প্রদানের জন্য প্রয়োজনীয় সংস্থান সরবরাহ করতে এবং জনস্বাস্থ্য এবং পরিবেশ রক্ষার জন্য বর্জ্য জল শোধনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ উন্নতি করতে পারে।"

নিউ ইয়র্ক রাজ্যের স্বাস্থ্য কমিশনার ডাঃ মেরি টি. বাসেট বলেন, "পানীয় জলের গুণমানকে হুমকির মুখে ফেলে এমন নতুন-নিয়ন্ত্রিত উদীয়মান দূষকসমূহের শোধন করা থেকে, যথাযথ বর্জ্য জল অপসারণ নিশ্চিত করা পর্যন্ত, এই আর্থিক প্রতিশ্রুতিগুলি সমস্ত নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য এবং সুস্থতাকে উপকৃত করবে৷ আমরা এই সম্প্রদায়গুলিকে সমর্থন করতে পেরে আনন্দিত যখন তারা পুরানো জল সরবরাহ এবং সেপটিক সিস্টেমগুলিকে আপগ্রেড এবং আধুনিকীকরণের জন্য কাজ করছে।"

বোর্ডের অনুমোদনের মধ্যে রয়েছে ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড (Clean Water State Revolving Fund, CWSRF) এবং ড্রিঙ্কিং ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড (Drinking Water State Revolving Fund, DWSRF) এবং ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার ইম্প্রুভমেন্ট আইন (Water Infrastructure Improvement Act, WIIA) অনুসারে অনুদানসমূহ। জলের অবকাঠামোর অর্থায়নের সুযোগগুলির ব্যাপারে আরো জানতে EFC-র ওয়েবসাইটে যান।

EFC পৌরসভাগুলিকে এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) ক্লিন ওয়াটারশেডস নিডস সার্ভেতে (Clean Watersheds Needs Survey, CWNS) অংশগ্রহণ করার জন্য অনুরোধ করছে, যেটি EFC নিউ ইয়র্কে 1 মার্চ থেকে শুরু হয়েছিল৷ অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এটি ভবিষ্যতে বিশুদ্ধ জলের পরিকাঠামোর প্রকল্পগুলিতে অর্থায়নের জন্য নিউ ইয়র্ক স্টেটে কত ফেডারেল CWSRF তহবিল বরাদ্দ করা হবে তা প্রভাবিত করতে পারে। পৌরসভাগুলিকে EPA-তে জমা করার জন্য তাদের সম্প্রদায়ের বর্জ্য জলের পরিকাঠামোর চাহিদাগুলি নথিভুক্ত করতে বলা হচ্ছে। নথিপত্র জমা দিতে এবং জমা দিতে সহায়তা করার উদ্দেশ্যে সংস্থানগুলির জন্য www.efc.ny.gov/needsএ যান।

অনুমোদিত পরিষ্কার পানির প্রকল্পসমূহের অর্থায়ন:

- নিউ ইয়র্ক সিটি মিউনিসিপ্যাল পানি অর্থায়ন কর্তৃপক্ষ (New York City Municipal Water Finance Authority) - 657,949,860 ডলারের স্বল্পমেয়াদি বাজার-দরের অর্থায়ন, বেশ কিছু শহরের বর্জ্য জলের দূষণ নিয়ন্ত্রণ কারখানাতে বিভিন্ন উন্নতিসাধনের নকশা তৈরি এবং নির্মাণের জন্য।
- আলবানি কাউন্টিতে আলবানি মিউনিসিপ্যাল ওয়াটার ফাইন্যান্স অথরিটি (Albany Municipal Water Finance Authority) - দীর্ঘমেয়াদী, সুদ-মুক্ত অর্থায়নে 4,407,496 ডলার এবং বিভার ক্রিক স্যুয়ারশেড ওভারফ্লো অ্যাবেটমেন্ট এবং ফ্লাড মিটিগেশন প্রকল্পের (Beaver Creek Sewershed Overflow Abatement and Flood Mitigation Project) নকশা ও নির্মাণের জন্য 277,498 ডলারের WIIA অনুদান।
- অ্যালেগানি কাউন্টির ক্যানেডিয়া শহর - শহরের বর্জ্য জল শোধনাগারে একটি জীবাণুমুক্তকরণ ব্যবস্থার পরিকল্পনা, নকশা প্রস্তুত করা এবং নির্মাণের জন্য স্বল্পমেয়াদে, 800,000 ডলারের সুদ-মুক্ত অর্থায়ন এবং স্বল্পমেয়াদে বাজার-হারে 1,000,000 ডলারের অর্থায়ন।
- স্কোহারি কাউন্টির কোবলস্কিল গ্রাম - স্বল্পমেয়াদে 2,025,000 দলের সুদ-মুক্ত অর্থায়ন এবং ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট এবং সংগ্রহ ব্যবস্থার উন্নতির জন্য 747,250ডলারের WIIAঅনুদান।
- গ্রীন কাউন্টির নিউ বাল্টিমোর শহর - দীর্ঘমেয়াদী, সুদ-মুক্ত অর্থায়নে 1,875,733 ডলার এবং ওয়েস্ট ওয়াটার সিস্টেম আপগ্রেডের জন্য 111,712 ডলার WIIA অনুদান।
- সেন্ট লরেন্স কাউন্টির ওগডেনসবার্গ শহর - বর্জ্য জল শোধনাগার এবং পাম্প স্টেশনের উন্নতির নকশা ও নির্মাণের জন্য দীর্ঘমেয়াদী, সুদ-মুক্ত অর্থায়নে 20,000,000 ডলার।

অনুমোদিত পান করার জলের প্রকল্পসমূহ:

- চেমুং কাউন্টির এলমিরা শহর - স্বল্পমেয়াদে 2,870,789 ডলারের, বাজার-দরে অর্থায়ন এবং সীসা পরিষেবার লাইন এবং মিটার প্রতিস্থাপনের জন্য 3,000,000 ডলারের WIIA অনুদান, 30-ইঞ্চি জলাধার ট্রান্সমিশনের প্রধান পাইপের প্রতিস্থাপন, হারমন স্ট্রিট চেমুং রিভার ক্রসিং রিলাইন করা, এবং ম্যাডিসন অ্যাভিনিউ চেমুং রিভার ক্রসিং এবং ওয়াটার স্ট্রিট ডিস্ট্রিবিউশন/ট্রান্সমিশন মেইন পাইপ প্রতিস্থাপন করা।
- ওনোন্ডাগা কাউন্টির তিনটি পৌরসভাকে সাইরাকিউজ শহরের সংযোগ এবং হ্যামিল্টন রোডে আনুমানিক 51,000 রৈখিক ফুট জলের প্রধান পাইপ, নতুন স্টোরেজ ট্যাঙ্ক এবং পাম্প স্টেশন ইনস্টল করার উদ্দেশ্যে একটি যৌথ প্রকল্পের জন্য, জর্ডান রোডের একটি নতুন ক্লোরিন বুস্টার স্টেশনের জন্য, একটি বিদ্যমান সীমাবদ্ধ স্থানে পাম্প স্টেশন প্রতিস্থাপন এবং স্থানান্তরিত করার জন্য এবং চ্যাম্পিয়ন্স মোবাইল হোম পার্ক পাবলিক ওয়াটার সিস্টেমের একত্রীকরণের জন্য অর্থায়ন অনুমোদিত হয়েছে।
    - এলব্রিজ শহরে স্বল্পমেয়াদে 2,686,259 ডলারের সুদমুক্ত অর্থায়ন এবং শহরের জন্য স্বল্পমেয়াদে, বাজার-দরে 5,372,516 ডলারের অর্থায়ন।
    - এলব্রিজ গ্রামে স্বল্পমেয়াদে 1,748,602 ডলারের সুদমুক্ত অর্থায়ন এবং গ্রামের জন্য স্বল্পমেয়াদে 3,497,204 ডলারের বাজার-দরে অর্থায়ন।

  - জর্ডানের গ্রাম - স্বল্পমেয়াদে 2,697,199 ডলারের সুদমুক্ত অর্থায়ন এবং 3,000,000 ডলারের DWSRF অনুদান।

- জেফারসন কাউন্টির অরলিন্স শহর - NYS রুট 12 ওয়াটার ডিস্ট্রিক্ট তৈরি করতে এবং আলেকজান্দ্রিয়া টাউনের রুট 12 ওয়াটার ডিস্ট্রিক্টের সাথে আন্তঃসংযোগের জন্য একটি পাম্প স্টেশন এবং একটি সমাপ্ত জলের স্টোরেজ ট্যাঙ্ক ইনস্টল করার জন্য দীর্ঘমেয়াদী, সুদ-মুক্ত অর্থায়ন বাবদ 7,313,141 ডলার এবং 420,351 ডলারের WIIA অনুদান।
- হারকিমার কাউন্টির স্টার্ক শহর - দীর্ঘমেয়াদী, সুদ-মুক্ত অর্থায়নে 814,467 ডলার এবং নতুন কূপের উৎস, একটি নতুন সমাপ্ত করা জল সঞ্চয়ের ট্যাঙ্ক, পুরানো জলের প্রধান পাইপগুলি প্রতিস্থাপন এবং নতুন জলের মিটার যোগ করার জন্য 128,626 ডলারের WIIA অনুদান।
- গ্রিন কাউন্টির ট্যানারসভিলের গ্রাম - 2,249,788 ডলারের দীর্ঘমেয়াদী, সুদ-মুক্ত অর্থায়ন এবং একটি 534,835 ডলারের WIIA অনুদান বিদ্যমান জল শোধনের প্ল্যান্ট পুনর্বাসনের জন্য, রিপ ভ্যান উইঙ্কল ওয়েলের জন্য আর্সেনিক অপসারণ শোধন, অতিরিক্ত ভূগর্ভস্থ জলের উৎসের ক্ষমতার জন্য, পুরোনো জলের মেইন পাইপগুলি এবং মিটারগুলি প্রতিস্থাপন করার জন্য, এবং বিদ্যমান জল সংরক্ষণ ট্যাংকের পুনর্বাসণের জন্য।

গভর্নর হোকলের FY 2023 এক্সিকিউটিভ বাজেট বিশুদ্ধ জলের উদ্যোগে অর্ধ বিলিয়ন ডলারেরও বেশি প্রত্যক্ষ বিনিয়োগের প্রস্তাব করে পূর্বের প্রতিশ্রুতিগুলির উপর ভিত্তি করে গড়ে ওঠে, যার মধ্যে রয়েছে:

- 500 মিলিয়ন ডলার পরিষ্কার জলের পরিকাঠামোর তহবিল, যার ফলে 2017 সাল থেকে স্টেটের মোট পরিষ্কার জলের বিনিয়োগ হবে 4.5 বিলিয়ন মার্কিন ডলার।
- 400 মিলিয়ন মার্কিন ডলারের এনভায়রনমেন্টাল সুরক্ষা তহবিলে (Environmental Protection Fund, EPF) রেকর্ড পরিমাণ তহবিল প্রদান করা যাতে করে জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমন করতে, কৃষি সংস্থান উন্নয়ন করতে, জলের উৎসগুলি সুরক্ষিত রাখতে, সংরক্ষণের প্রচেষ্টাগুলি অগ্রসর করতে এবং বিনোদনমূলক সুযোগ প্রদানকারী অতি গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহকে সমর্থন করা যায়।
- 4 বিলিয়ন মার্কিন ডলার, ল্যান্ডমার্ক পরিষ্কার পানি, পরিষ্কার বাতাস, এবং সবুজ কর্মসংস্থান এনভায়রমনেটাল বন্ড আইনের (Clean Water, Clean Air, and Green Jobs Environmental Bond Act) জন্য। যদি এই বসন্তে ভোটার কর্তৃক অনুমোদিত হয়, তাহলে ঐতিহাসিক এই উদ্যোগ নিউ ইয়র্ক স্টেটকে সেই সমর্থন প্রদান করবে যা অতি গুরুত্বপূর্ণ পরিবেশগত আবাসস্থল পুনঃস্থাপন; বন্যা ঝুঁকি হ্রাস; অতিরিক্ত ভূমি ও খোলা স্থান সংরক্ষণ করা এবং আমাদের পানির সংস্থান উন্নত করা; এবং দূষণ হ্রাসকারী ও কার্বন নিঃসরণ কমাবে এমন জলবায়ু পরিবর্তন প্রশমন প্রকল্পে বিনিয়োগ করার জন্য স্টেটের প্রয়োজন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন